

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন -১ অধিশাখা

নং-মপ্রাম/প্রঃ-১/মৎস্য পোঃ অবমুক্ত-৪৫/২০১১/২৬৯


তারিখ : ২৬/০৭/২০১১খ্রিঃ

বিষয় : আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর কর্তৃক রাজস্ব খাতের অর্থ দ্বারা বিল/জলাশয়ে মাছের পোনা অবমুক্তকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যে, বর্তমানে বর্ষা মৌসুম থাকায় মাছের পোনা অবমুক্ত করণের জন্য এখনই উপযুক্ত সময়। যথাসময়ে পোনা অবমুক্ত করা না গেলে এ খাতে কাজিত সাফল্য অর্জন সম্ভব হবেনা। তাই আগামী ১৫(পনের) দিনের মধ্যে নিম্ন বর্ণিত শর্তসমূহ যথাযথভাবে অনুসরণ পূর্বক রাজস্ব খাতের অর্থ দ্বারা বিভিন্ন বিল/জলাশয়ে মৎস্য পোনা অবমুক্তকরণের বিষয়টি নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তসমূহ :-

- ক) দরপত্রে পোনা ক্রয়ের জন্য কেজি প্রতি দর উল্লেখ করতে হবে।
- খ) প্রতিটি পোনা কমপক্ষে পাঁচ ইঞ্চি দৈর্ঘ্য বিশিষ্ট হতে হবে।
- গ) পোনা অবমুক্তির সময় স্থানীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা ও স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ঘ) সংশ্লিষ্ট ক্ষেত্রে জেলা প্রশাসকের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ঙ) মৎস্য পোনা ক্রয় হতে পোনা অবমুক্তি পর্যন্ত সমস্ত প্রক্রিয়াটিতে যাতে আর্থিক নিয়ম নীতি অনুসরণ ও স্বচ্ছতা নিশ্চিত করা হয় সে বিষয়ে মহা পরিচালক, মৎস্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

  
(জেবুল্লাহা করিম) 25/7/11  
উপ সচিব  
ফোন : ৯৫৫১০০৭।

মহা পরিচালক  
মৎস্য অধিদপ্তর,  
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অফিস কপি